



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মূল্যসংযোজন কর আইন-১৯৯১ এর ধারা ৬ এর উপধারা ৪(ক) এবং উপধারা ৪(ঘ) এবং মূল্যসংযোজন কর বিধিমালা-১৯৯১ এর বিধি “১৮৩” অনুযায়ী এ পরিদপ্তর হতে প্রদত্ত সেবার বিপরীতে গৃহীত ফি এর উপর ১৫% হারে ভ্যাট পরিশোধের বিধান রয়েছে। কিন্তু ২০১৪-২০১৫ থেকে ২০১৭-২০১৮ অর্থবছরে এ পরিদপ্তর হতে সেবা বাবদ ফি আদায় করা হলেও ভ্যাট আদায় করা হয় নি। এ পরিস্থিতিতে যে সকল সেবা গ্রহীতা ২০১৪-২০১৫ থেকে ২০১৭-২০১৮ অর্থবছরে এ পরিদপ্তর হতে সেবা গ্রহণ করেছেন কিন্তু ফি এর বিপরীতে ভ্যাট প্রদান করেন নি তাদেরকে অতিসত্ত্বর নিম্নোক্ত ব্যাংক হিসাবে বকেয়া ভ্যাট জমাদানের জন্য অনুরোধ জানানো হলো।

বকেয়া ভ্যাট আদায়যোগ্য কোম্পানির তালিকা এবং জমা রশিদ ইতোমধ্যে আরজেএসসির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্ট কোম্পানি তাদের বকেয়া ভ্যাটের পরিমাণ ও জমা রশিদ অনলাইন হতে প্রিন্ট করে নির্ধারিত ব্যাংক হিসাবে অর্থ জমা দিতে পারবেন। উল্লেখ্য যে, বকেয়া ভ্যাট অপরিশোধিত অবস্থায় সংশ্লিষ্ট কোম্পানি তাদের পরবর্তী সেবা গ্রহন করতে পারবেন না।

বিষয়টি অতীব জরুরী।

বকেয়া ভ্যাট পরিশোধের নির্ধারিত ব্যাংক হিসাব সমূহঃ

১। Eastern Bank Ltd, Account No-1011060586045,

২। One Bank Ltd, Account No-0121020009185

৩। BRAC BANK LTD. Account No-1513201658766005

অনুরোধক্রমে
নিবন্ধক
আরজেএসসি